# রাষ্ট্রপতি হওয়ার খবর নিয়ে যা বললেন মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাষ্ট্রপতি পদে মনোনয়ন দেওয়ার সিদ্ধান্ত হয়েছে বলে খবর ছড়িয়ে পড়লেও বিষয়টি সম্পর্কে তিনি নিজে কিছু জানেন না বলে জানিয়েছেন।

রোববার (৯ আগস্ট) রাতে বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান গণমাধ্যমকে জানান, রাষ্ট্রপতি হওয়ার বিষয়ে মির্জা ফখরুলকে অবহিত করা হলে তিনি বলেছেন, দলের পক্ষ থেকে তাকে এ বিষয়ে কোনো কিছু জানানো হয়নি।

এর আগে বিভিন্ন গণমাধ্যমে একাধিক সূত্রের বরাতে খবর প্রকাশিত হয়, রাষ্ট্রপতি নির্বাচনে মির্জা ফখরুলকে প্রার্থী করার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। ওই প্রতিবেদনে বলা হয়, প্রার্থী হিসেবে তাকে প্রস্তুত থাকতে বলা হয়েছে এবং আনুষ্ঠানিক ঘোষণাই এখন বাকি।

LENS ASIA

এদিকে রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী চূড়ান্ত হওয়ার আনুষ্ঠানিক ঘোষণা না এলেও নির্বাচনী কার্যক্রম শুরু করেছে বিএনপি। রোববার সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন কমিশনের রিটার্নিং কর্মকর্তার দপ্তর থেকে দলের পক্ষ থেকে দুটি মনোনয়ন ফরম সংগ্রহ করা হয়।

বিএনপির ভাইস চেয়ারম্যান ও জাতীয় সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি এবং দলের সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী মনোনয়ন ফরম দুটি সংগ্রহ করেন। এর আগে রাষ্ট্রপতি নির্বাচনে দলের প্রার্থী চূড়ান্ত করার দায়িত্ব দলীয় চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমানের ওপর দেয় বিএনপির জাতীয় স্থায়ী কমিটি।

নির্বাচন কমিশনের ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান সংসদে বিএনপির সংখ্যাগরিষ্ঠতা থাকায় দলটির মনোনীত প্রার্থীর নির্বাচিত হওয়ার সম্ভাবনাই বেশি বলে রাজনৈতিক অঙ্গনে আলোচনা রয়েছে।

রাষ্ট্রপতি পদে শেষ পর্যন্ত একজন বৈধ প্রার্থী থাকলে সংসদে ভোটগ্রহণের প্রয়োজন হবে না। সে ক্ষেত্রে একক প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার বিধান রয়েছে।